গাংনীতে মুক্তিযোদ্ধাদের মতবিনিময় সভা অনুষ্ঠিত

গাংনীতে মুক্তিযোদ্ধাদের মতনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বেলা ১২টায় গাংনী উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলী।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা সাবেক অতিরিক্ত সচিব আওয়ামী লীগের কেন্দ্রীয় মুক্তিযোদ্ধা বিষয়ক উপ-কমিটির সদস্য ড.আশরাফুল ইসলাম।

মুক্তিযোদ্ধারা বলেন,বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী রাষ্ট্র নায়ক শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন ও অগ্রযাত্রা অব্যাহত রাখতে বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশ উন্নত কারণে আগামী দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের নৌকার পক্ষ থেকে জননেত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধ ভাবে কাজ করতে হবে।

সাবেক সহকারী কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আব্দুল লতিফের সঞ্চালনায় এ সময় বীর মুক্তিযোদ্ধা হাবিবুর রহমান, আব্দুল জলিল ও ইদ্রিস আলী বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বীর মুক্তিযোদ্ধা বৃন্দ উপস্থিত।

সরকারের উন্নয়ন তৃণমুল পর্যায়ে পর্যন্ত পৌছে গেছে -এমপি

খোকন

রাস্তা-ঘাট, ব্রীজ কালভার্ট, স্কুল কলেজ, মাদ্রাসার বহুতল ভবন নির্মাণ, গাংনী উপজেলার প্রশাসনিক ভবন, সাব রেজিস্ট্রার ভবন, মসজিদ নির্মাণ, নদী খনন থেকে শুরু করে বিধবা ভাতা, বয়স্ক ভাতা, শিশু ভাতা সব কিছুর উন্নয়ন হয়েছে। সাংবাদিকদের উচিৎ সরকারের উন্নয়নগুলো তুলে ধরা। তিনি বলেন সাংবাতিকতায় দল মতবাদ থাকতে পারে। কিন্তু দেশের উন্নয়নের ক্ষেত্রে চিত্রটি তুলে ধরা উচিৎ।

আজ সোমবার সকাল ১১ টার সময় গাংনী উপজেলা প্রেসক্লাবের সাংবাদিকদের সাথে মতবিনিময়কালে এসব কথা বলেন এমপি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি এম এ লিংকনের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময়কালে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও গাংনী উপজেলা আওয়ামীলীগের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হুদ বিশ্বাস পচু, রাইপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি সামসু্জ্জামান মঙ্গল, সাহারবাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মশিউর রহমান, গাংনী পৌর যুবলীগের সাধারণ সম্পাদক রাহিবুল ইসলাম।

গাংনী উপজেলা প্রেসক্লাবের সাবেক সভাপতি আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী উপজেলা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নুরুজ্জামান পাভেল, সিনিয়র সাংবাদিক জুলফিকার আলী কানন, সাহাজুল সাজু, মাসুদ রানা প্রমুখ। এসময় গাংনী উপজেলা প্রেসক্লাবের সকল সদস্য উপস্থিত ছিলেন।

এমপি সাহিদুজ্জামান খোকন আরও বলেন, আমি এমপি হওয়ার আগে গাংনী উপজেলার শিক্ষার উন্নয়নে কাজ করতে চেয়েছি। আমার স্বপ্ন ছিল প্রত্যন্ত গ্রামে বসবাস করে আমাদের ছেলে মেয়েরা উচ্চ শিক্ষায় শিক্ষিত হবে। এমন স্বপ্ন থেকে মহান জাতীয় সংসদে একাধিকবার বিশ্ববিদ্যালয় দাবী করেছি। মাননীয় প্রধান মন্ত্রী আমাদের জেলাতে মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দিয়েছেন। মেহেরপুর-কুষ্টিয়া সড়ক নির্মাণ ফোর লেনসহ বারবার দাবী করেছি প্রধানমন্ত্রী আমাদের মেহেরপুর-কুষ্টিয়া সড়কটি ফোর লেনসহ অনুমোদন দিয়েছেন। যা এখন চলমান রয়েছে। যেসব এলাকার রাস্তা-ঘাটে কাঁদায় চলাচল করা যেতো না সেইসব রাস্তাগুলি এখন পাকা রাস্তায় পরিণত হয়েছে। মানুষ

স্বচ্ছন্দে চলাচল করছে। এলাকার উন্নয়নের পাশাপাশি আইন শৃংখলার প্রভূত উন্নয়ন সাধিত হয়েছে। এখন গোয়ালের গরু পাহারা দেওয়া লাগেনা। রাতে কৃষকরা তাদের গোঁয়ালে গরু রেখে আরামে ঘুমাতে পারেন।

এমপি খোকন আরও বলেন, ব্যবসায়ীরা এই সরকারের আমলে আরামে ব্যবসা বানিজ্য পরিচালনা করছেন। কেউ তাদের কাছে গিয়ে চাঁদা দাবী করেনা। জোর জুলুম বা মাস্তানী নেই। এই উপজেলার মানুষ এখন রাজনৈতিক হানাহানি থেকে মুক্ত রয়েছেন।

মেহেরপুরের বুড়িপোতা ইউনিয়নে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ বিতরণ

শেখ হাসিনার উন্নয়নের ধারা পৌঁছে দিতে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের উদ্যোগে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ বিতরণের আয়োজন করা হয়।

গতকাল বৃহস্পতিবার রাতে বুড়িপোতা ইউনিয়ন পরিষদ প্রাঙ্গণে মতবিনিময় সভা ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামানের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন, সদর উপজেলা ভাইস চেয়ারম্যান আবুল হাসেম, মেহেরপুর সদর থানার ওসি সাইফুল ইসলাম, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের সচিব সানোয়ার হোসেন সানু, সদর থানা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি খন্দকার জুলকার নাইম বাইজিদ সহ বিভিন্ন নেতা কর্মী উপস্থিত ছিলেন।

এ সময় ৭ টি এন্ড্রয়েড টিভি, ৭ টি সাউন্ড বক্স, ৪৮টি ফ্যান, ৬০টি ডাস্টবিন, ১০টি সাইকেল, ২৩টি সেলাই মেশিন, মোট সাড়ে আট লাখ টাকার শিক্ষাও উপকরণ সেলাই মেশিন বাদে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতরণ করা হয়।

চুয়াডাঙ্গায় জন্মাষ্টমী উপলক্ষে পূজা উদযাপন কমিটির সাথে মতবিনিময় সভা

শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে চুয়াডাঙ্গা পুলিশ সুপারের কার্যালয় সম্মেলন কক্ষে আজ বেলা সাড়ে বারোটার সময় জেলার সকল পূজা উদযাপন কমিটির সদস্যদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভার প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন।

চুয়াডাঙ্গায় শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী উপলক্ষে সনাতন ধর্মাবলম্বী নেতৃবৃন্দ এবং ভক্তবৃন্দ প্রতি বছর পৃথকভাবে অনুষ্ঠানের আয়োজন করেন। পুলিশ সুপার প্রত্যক্ষ হস্তক্ষেপে এই প্রথম সকল কমিটির সদস্যবৃন্দ নিজেদের মধ্যকার দ্বান্দ্বিকতার অবসান ঘটিয়ে সম্মিলিতভাবে একত্রে শ্রীকৃষ্ণের জন্মাষ্টমী পালন করতে সম্মত হন।

উক্ত আয়োজনে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, ডিআইও-১ ডিএসবি আবু জিহাদ ফখরুল আলম খান, চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ মোঃ মাহাব্বুর রহমানসহ জেলা পুলিশের সকল পদমর্যাদার অফিসার ও ফোর্সবৃন্দ।

চুয়াডাঙ্গা জেলা দুর্নীতি কমিটির মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা ও উপজেলা দুর্নীতি কমিটির সদস্যদের সাথে দুর্নীতি দমন কমিশনারের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন দুর্নীতি দমন কমিশনার (অনুসন্ধান) আছিয়া খাতুন। এ সময় তিনি বলেন, কেবল আইন করে দুর্নীতি বন্ধ করা যাবে না। দুর্নীতি বন্ধ করতে হলে সারা দেশের জনগণসহ তরুণ সমাজকে এগিয়ে আসতে হবে। তিনি আরো বলেন, দুর্নীতি প্রতিরোধে জনগণকে সচেতন করার কার্যক্রম চলছে। এরপরও যারা নিয়ম-কানুন না মেনে দুর্নীতি-অনিয়ম করেছে, অবৈধভাবে অর্থসম্পদের মালিক হচ্ছে তাদের জন্য বার্তা হচ্ছে, দুর্নীতি দমন কমিশন তৎপর রয়েছে। যেকোনো বিষয় দল মত নির্বিশেষে কমিশন খতিয়ে দেখে ব্যবস্থা নেবে।

এ সময় তিনি সরকারি দপ্তরের কর্মকর্তাদের উদ্দেশ্যে বলেন, জনগণকে হাসিমুখে সেবা দিতে হবে। সেবা নিতে গিয়ে মানুষ যেন হয়রানির স্বীকার না হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। বিদ্যালয়গুলোতে সততা স্টোর বাড়ানোর উপর গুরুত্বারোপ করেন তিনি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দুর্নীতি দমন কমিশনের বিভাগীয় পরিচালক মনজুর মোর্শেদ, চুয়াডাঙ্গা পুলিশ সুপার আবদুল্লাহ আল মামুন,চুয়াডাঙ্গা জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি অধ্যাপক সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার তবিবুর রহমান, চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক রাজীব হাসান কচিসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধাবৃন্দ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মতবিনিময় সভা

মেহেরপুরে মহিলাদের নিয়ে মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভা ও লিফলেট বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার বিকেল চারটার দিকে মল্লিক পাড়ায় আলোচনা সভার আয়োজন করে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন প্রশিকার বিভাগীয় ব্যবস্থাপক হাফিজুর রহমান। আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মাদকাসক্তি ও প্রতিরোধের বিভাগীয় প্রধান প্রদীপ কুমার বিশ্বাস।

স্বাগত বক্তব্য রাখেন প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের এরিয়া ম্যানেজার ওসমান গনি। অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন মহিলা কাউন্সিলর রেক্সোনা কামাল রেনু।

এ সময় উপস্থিত ছিলেন প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের হিসাব রক্ষক রিতা সাহা, কর্মী সেলিম রেজা, মমতাজ বেগম, দিলরুবা খাতুনসহ দেড় শতাধিক মা ও বোনেরা।

এসময় বক্তারা বলেন, বাংলাদেশসহ সারা বিশ্বে মাদক তথা নেশা জাতীয় দ্রব্য সেবন মারাত্মক আকার ধারণ করেছে। নারী-পুরুষ, যুবসম্প্রদায় কিশোর-কিশোরীরাও মাদকের ভয়ংকর ছোবল থেকে রেহাই পাচ্ছে না। এ নেশা ভবিষ্যত প্রজন্মের জন্য অত্যন্ত ক্ষতিকর প্রভাব তৈরি করবে। সৃষ্টি হবে একটি পঙ্গু ও জরাগ্রস্ত সমাজ। মানুষ একবার নেশাগ্রস্ত হয়ে পড়লে সহজে স্বাভাবিক জীবনে ফিরে আসতে পারে না। নেশার কৃষ্ণ সম্পর্কে নিজ পরিবারসহ সমাজের সকল স্তরের মানুষের সচেতন হওয়ার গুরুত্ব অপরিসীম। দেশের যুবসমাজ বিপথে চালিত হলে সমাজ ক্ষতিগ্রস্ত হয় এবং যুবসম্প্রদায়ের মেধাশক্তি বিনষ্ট হয়। অথচ উন্নত সমাজ গড়ে তোলার জন্য দরকার মেধা ও দক্ষ নেতৃত্বসম্পন্ন

যুবসমাজ। তাই সুস্থ সমাজ গড়ে তোলার ক্ষেত্রে সমাজের সকল স্তরের মানুষ বিশেষ করে নেতৃস্থানীয় মানুষদের নিয়ে প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্রের মাদকাসক্তি প্রতিরোধ ও সচেতনতা বিষয়ক মত বিনিময় সভা এবং লিফলেট বিতরণ।

কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মতবিনিময় সভায় জেলা প্রশাসক

কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মতবিনিময় সভায় নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার সময় দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যাবহার রোধ, ধর্মীয় উগ্রবাদ ও জঙ্গীবাদ মোকাবিলা নারী শিশুর প্রতি সহিংসতা বাল্য বিবাহ ইভটিজিং নিপীড়ন, বৈষম্যমূলক আচরন ও আত্মহত্যা প্রতিরোধে শিক্ষার মান উন্নয়ন বিষয়ক মতবিনিময় সভায় অত্র বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো মনিরুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

বিশেষ অতিথি সহকারী ও সিনিয়র এক্সিকিউটিভ ম্যাজিস্টেট শহীদুল আলম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি),সজল কুমার দাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবদুল করিম বিশ্বাস, সহকারী শিক্ষিকা আকলিমা খাতুন, সহকারী শিক্ষক মো শরিফুল ইসলাম সহ বিদ্যালয়ের সকল শিক্ষক শিক্ষিকা ও শিক্ষার্থীরা। এসময় আগত অতিথিদের ক্রেস্ট প্রদান করা হয়।

পরবর্তীতে প্রধান অতিথি সহ কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের হলরুমে মতবিনিময় সভায় উপস্থিত হন। ইউনিয়ন পরিষদের হলরুমে চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাসের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার নবাগত জেলা প্রশাসক ড কিসিঞ্জার চাকমা,

সহকারী ও সিনিয়র এক্সিকিউটিভ ম্যাজিস্টেট শহীদুল আলম, দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজীর আহমেদ, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, মোখলেছুর রহমান রিপন, কার্পাসডাঙ্গা ইসলামিয়া ফাজিল ডিগ্রি মাদ্রাসার অধ্যক্ষ জুলফিকার আলী সহ ইউনিয়ন পরিষদের সকল সদস্য ও কর্মরত এবং সাংবাদিক বৃন্দরা।এরপর কার্পাসডাঙ্গায় অবস্থিত জাতীয় কবি কাজী নজরুল ইসলামের স্মৃতি বিজরিত আটচালা ঘর ও কার্পাসডাঙ্গা ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন করেন। সর্বশেষ কার্পাসডাঙ্গা আবাসন প্রকল্পের বাসিন্দাদের মুজিব শতবর্ষের ঘর পরিদর্শন করেন। সার্বিক অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন কার্পাসডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সহকারী শিক্ষক তরিকুল ইসলাম।

দামুড়হুদায় নবাগত জেলা প্রশাসকের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলায় নবযোগদানকৃত জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ড. কিসিঞ্জার চাকমার সাথে দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধা, সরকারি কর্মকর্তা, রাজনৈতিক ব্যক্তি, সুশীল সমাজের প্রতিনিধি ও সাংবাদিকগণের সাথে পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

উপজেলা প্রশাসনের আয়োজনে আজ বৃহস্পতিবার দুপুর সাড়ে ৩ টার সময় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে পরিচিতি ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমা।

এসময় আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী মো: শহিদুল ইসলাম, দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ রেজাউল করিম, উপজেলা কৃষি অফিসার শারমিন আক্তার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: হেলেনা আক্তার নিপা, উপজেলা প্রকৌশলী আব্দুর রসিদ, উপজেলা সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, উপজেলা শিক্ষা অফিসার আবু হাসান, উপজেলা নির্বাচন অফিসার নূর-উল্ল্যাহ, বীর মুক্তিযোদ্ধা নাসির উদ্দীন, মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হবি, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন শফিউল আলম, দর্শনা থানার ওসি অপারেশন নিরব, ব্রাকের জেলা স্বমন্বয়কারী (বিডিসি) মানিক ম্যাক্সিমিলিয়ান রুগা, পার-কৃষ্ণপুর মদনা ইউপি চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম বিশ্বাস, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, নাটুদাহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ সহ উপজেলার বিভিন্ন রাজনৈতিক নেতৃবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা বৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বৃন্দ, সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা বলেন, সীমান্তবর্তী এই উপজেলায় প্রচুর সম্ভাবনা রয়েছে, এর মধ্যে কৃষি অন্যতম। সীমান্তবর্তী উপজেলা হওয়ায় খুব সহজেই এখানে মাদক প্রবেশ করে, ক্রীড়া সাংস্কৃতিক খেলাধুলা এগুলো উঠে গেলে আমাদের যুব সমাজ মাদকের ভয়াল থাবায় ধ্বংস হয়ে যাবে, এদিকে নজর দেওয়া খুব প্রয়োজন। সরকারের সমস্ত রকম ভাতা, সরকারি যা কিছু বিতরণ করা হয় তার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। বেশি বেশি বাজার মনিটরিং করতে হবে, কৃষক দাম পাচ্ছে কম, অথচ মধ্যস্থ ভোগী পাইকারি ও খুচরা বিক্রেতারা সুফল ভোগ করছে, কৃষকের উন্নতি না হলে দেশের উন্নতি হবে না। এই উপজেলার ভারী শিল্প কেরু এন্ড কোম্পানির দিকে সরকারি নজরদারী বারাতে হবে। কেরু এন্ড কোম্পানির নিজস্ব জমিতে আখ চাষ নিশ্চিত করতে হবে।

অনুষ্ঠানের শুরুতেই কোরআন থেকে তেলওয়াত করেন দামুড়হুদা উপজেলা মসজিদের কেয়ারটেকার মো: আসাদুজ্জামান। সমস্ত অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা উপজেলা সমবায় অফিসার হারুন অর রসিদ।

নারী শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে—ইমদাদুল হক মিলন

নারী শিক্ষার উপর গুরুত্ব দিতে হবে জানিয়েছেন দুই বাংলার জনপ্রিয় কথাসাহিত্যিক, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপের পরিচালক ও কালের কণ্ঠ’র প্রধান সম্পাদক ইমদাদুল হক মিলন।

গতকাল রবিবার সকালে কুষ্টিয়া সরকারি বালিকা উচ্চবিদ্যালয় মিলনায়তনে ‘নারী শিক্ষার প্রসার এবং আগামীর বাংলাদেশ’ শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, এখন তথ্য প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে নারীরা এগিয়ে যাচ্ছে। প্রতিকূলতা থাকবে কিন্তু এটিকে ভেঙে নারীদের এগিয়ে যেতে হবে। সমাজে কেবল নারী একজন নারী নয়, তাকে মানুষ হিসেবে সমাজে নিজেকে প্রতিষ্ঠিত হতে হবে। এজন্য সুশিক্ষায় শিক্ষিত হয়ে নিজেকে গড়ে তুলতে হবে। তবেই তুমি কেবল নারী নয়, নিজেকে সমাজে একজন আলোকিত মানুষ হিসেবে গড়ে তোলা সম্ভব হবে।

সোনার বাংলাদেশ গড়ে তুলতে হলে আগে সোনার মানুষ তৈরি করতে হবে বলে উল্লেখ করে শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি বলেন, সত্য কথা বললে সৎ হবে এবং ভালো মানুষ হবে। কারণ একটি দেশের প্রধান সম্পদই হচ্ছে মানবসম্পদ। তাই শিক্ষার্থীদের লেখাপাড়া শিখে মানুষ হওয়ার আহবান জানান তিনি।

তিনি আরও বলেন, দুনিয়ার সব কাজ, বিচার-ফয়সালা সত্য কথা বা সত্যবাদিতার ওপর নির্ভরশীল। তাই সদা সত্য কথা বলা সৎ পাথে চলার মধ্য দিয়ে ভালো মানুষ হিসেবে নিজেকে গড়ে তোলা সম্ভব।

বিদ্যালয়য়ের প্রদান শিক্ষক মোজাম্মেল হকের সভাপতিত্বে বক্তব্য

রাখেন, বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক হাফেজ মো: রুহুল আমিন, সিনিয়র শিক্ষক নাদিরা খানম, নীলিমা বিশ্বাস, তাকিয়া সুলতানা, রেজাউল করিম প্রমুখ।

এসময় বসুন্ধরা শুভসংঘের পরিচালক জাকারিয়া জামান, কালের কণ্ঠের কুষ্টিয়ার নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিক, নিউজটোয়েন্টি ফোরের স্টাফ রিপোর্টার জাহিদুজ্জামান, বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার সহ-সভাপতি এস এম জামাল, সাধারণ সম্পাদক কাকলি খাতুন, সাংগঠনিক সম্পাদক বিপুল হোসেন প্রমুখ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গার হারদি পুলিশের ওপেন হাউজ ডে ও মতবিনিময় সভা

পুলিশের সেবা জনগণের দোড় গোড়ায় পৌঁছে দিতে আলমডাঙ্গা থানা পুলিশের উদ্যোগে ও ওসমানপুর ফাঁড়িপুলিশের আয়োজনে ওপেন হাউজ ডে ও বিট পুলিশিং সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকেলে হারদি বাজারস্থ ইউনিয়ন ভূমি অফিস প্রাঙ্গণে এ সভার আয়োজন করা হয়।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলার অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) রিয়াজুল ইসলাম।

অনুষ্ঠানে হারদি বাজার কমিটির সাবেক সভাপতি আশরাফুল হক চুন্নুর সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি (তদন্ত) একরামুল হক, হারদী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান আশিকুজ্জামান ওল্টু, ওসমানপুর ফাঁড়ির আইসি (পরিদর্শক) আবুল কাশেম, সাবেক ইউপি সদস্য লাল্টু, ইউপি সদস্য টিপু, থানার উপ-পরিদর্শক (এসআই) আমিনুল ইসলাম, (এসআই) মারজাহান, এএসআই রিয়াজুল ইসলাম, এএসআই অরুপ প্রমূখ।